



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট অঞ্চল, সিলেট
www.dae.sylhetdiv.gov.bd



স্মারক নং: ১২.১৬.৯১০০.০৪১.৩৫.০২৩.১২.-২৪৯২

তারিখ: ২৬ নভেম্বর ২০২০ খ্রিঃ

বিষয়: হাওড় এলাকায় দ্রুত পানি নিষ্কাশনের জন্য জরুরি ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সূত্রে প্রাপ্ত তথ্যে জানা যাচ্ছে, আপনার জেলার বিভিন্ন হাওড়ের পানি ধীর গতিতে নামছে, ফলে কৃষকরা যথাসময়ে কাঙ্ক্ষিত পরিমাণে বোরো ধানের বীজতলা তৈরী করতে পারছেন না। বর্তমানে হাওড় এলাকায় বোরো ধানের বীজতলা তৈরীর উপযুক্ত সময় চলছে, তাই এই সময়ে যদি হাওড়ে পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহন না করা হয় তাহলে পরবর্তিতে বোরো ধান আগাম বন্যায় তলিয়ে যাওয়ার আশংকা থেকে যাচ্ছে।

এমতাবস্থায়, জরুরি ভিত্তিতে আপনার আওতাধীন হাওড়ের পানি নিষ্কাশন নালাগুলো দ্রুত সরেজমিনে পরিদর্শন পূর্বক সনাক্ত করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ উপজেলা কমিটি/ এলাকাস্বাসী ও কৃষক প্রতিনিধির সহযোগীতায় দ্রুত নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরি

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট/ মৌলভীবাজার/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ

দিলীপ কুমার অধিকারী
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিলেট অঞ্চল, সিলেট

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিলেট।
- ৩। জেলা প্রশাসক, সিলেট/ মৌলভীবাজার/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

২৬/১১/২০২০